তারিখ 28 FEB 1988
পৃষ্ঠা 5 কলাম 7
১৫ই ফাল্গুন -১৩৯৪ বঃ

দৈনিক সংবাদ

042

ঢাকা : রোববার, ১৫ই ফাল্গুন, ১৩৯৪

# প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এখনো পাঠ্যবই পায়নি

গাইবান্ধা, ২৬শে ফেব্রুয়ারী (জেলা বার্তা পরিবেশক)।-গোবিন্দগঞ্জ উপজেলার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এখনো বিনামূল্যের পাঠ্যবই পায়নি বলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কিংবা সভাপতির পক্ষ থেকে লিখিত অভিযোগ পাওয়া গেছে। এর ফলে ওইসব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে।

লিখিত অভিযোগপত্রে জানা যায়, গোবিন্দগঞ্জ উপজেলায় যেসব বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে, ওইসব বিদ্যালয় সরকারী অনুদানপ্রাপ্ত এবং বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির সংখ্যা সন্তোষজনক হওয়া সত্ত্বেও তাদের নামে বিনামূল্যে বিতরণের জন্য পাঠ্যবই সরবরাহ করা হচ্ছে না। বিনামূল্যের এই পাঠ্যবই নিতে অনেক বেসরকারী বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় অর্থ খরচ করতে হচ্ছে। অন্যথায় ওইসব বিদ্যালয়ের নামে কোন পাঠ্যবই সরবরাহ করা হচ্ছে না।

এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসার সমীপে গোবিন্দগঞ্জ উপজেলার রামচন্দ্রপুর রোকেয়া সাত্তার (সাবেক তৈলক্ষ্য গুণ) বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি আবদুস সাত্তার মণ্ডল একটি লিখিত অভিযোগে জানান, গত ২৫শে জানুয়ারী তার বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের চাহিদা অনুযায়ী প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রয়োজনীয় পরিমাণ বিনামূল্যের পাঠ্যবই চেয়ে আবেদন করা হয়েছে। জেলা শিক্ষা অফিসার এই আবেদন উপজেলা শিক্ষা অফিসারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পাঠান। কিন্তু উপজেলা শিক্ষা অফিসার আজ পর্যন্ত উক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যের পাঠ্যবই সরবরাহ করেননি এজন্য তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতিকে প্রয়োজনীয় অর্থ খরচের কথা বলেন। এই অর্থ খরচ করতে আপত্তি থাকায় উক্ত বিদ্যালয়ের নামে বিনামূল্যের প্রয়োজনীয় পাঠ্যবই দেয়া হচ্ছে না।

এ ধরনের অভিযোগ অন্যান্য বেসরকারী বিদ্যালয় থেকেও সংগ্রহ করা হয়েছে। এসব অভিযোগের ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসের একটি সূত্র জানান, সরকারী বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের প্রকৃত চাহিদার তুলনায় কম পরিমাণ বিনামূল্যের পাঠ্যবই এসেছে। ফলে বেসরকারী বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চাহিদা অনুযায়ী বই সরবরাহ করা সম্ভব হয়ে উঠছে না। এতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।